

**৩. দুই স্ট্রোক ইঞ্জিন বিশিষ্ট মোটরযান সম্পর্কিত নিষেধাজ্ঞা**

অতি জরুরী  
বিশেষ বাহক মারফত

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
যোগাযোগ মন্ত্রণালয়  
বিআরটিএ শাখা।

নং- সওজে/বিআরটিএ/পরিবেশ-৯/৯৯(অংশ-৪)-২৮৯  
ইং।

তারিখ : ১৩-০৫-২০০২

বিষয় : ঢাকা মহানগরীতে ১ সেপ্টেম্বর, ২০০২ তারিখ থেকে ২-স্ট্রোক ইঞ্জিন চালিত থ্রী-  
ছইলার মোটরযানের চলাচলের জন্য রুট পারমিট ও ফিটনেস সার্টিফিকেট প্রদান না  
করা প্রসঙ্গে।

সূত্র : অত্র মন্ত্রণালয়ের স্মারক নং-সওজে/বিআরটিএ/পরিবেশ-৯/৯৯(অংশ-৪)-২৭১,  
তারিখঃ ০২-০৫-২০০২ ইং।

সূত্রে উল্লেখিত পত্রের বরাতে জানানো যাচ্ছে যে, মোটর ভেহিক্যালস্ অর্ডিন্যান্স, ১৯৮৩  
এর ৫৩ ধারা বলে সরকার ১লা সেপ্টেম্বর, ২০০২ তারিখ থেকে ঢাকা মহানগর এলাকায় ২-স্ট্রোক  
ইঞ্জিন চালিত থ্রী-ছইলার যানবাহন চলাচল নিষিদ্ধ করার সিদ্ধান্ত গ্রহণ করেছে। ঢাকা মহানগরী  
বাইরে চলাচলের জন্য ২-স্ট্রোক ইঞ্জিন বিশিষ্ট থ্রী-ছইলার যানবাহন এ নিষেধাজ্ঞার আওতায় আসবে  
না।

২। অতএব, উপরোল্লিখিত সরকারী সিদ্ধান্ত বাস্তবায়নে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য  
নির্দেশক্রমে তাঁকে অনুরোধ করা হলো।

এ,টি,কে,এম, ইসমাইল  
উপ-সচিব (পরিবহণ)।

১। চেয়ারম্যান,  
বিআরটিএ, এলেনবাড়ী, তেজগাঁও, ঢাকা।

২। বিভাগীয় কমিশনার, ঢাকা বিভাগ, ঢাকা।

৩। কমিশনার ডি,এম,পি  
ও  
সভাপতি, ঢাকা মেট্রোপলিটন আর.টি.সি।